বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখপাত্র

www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭৮

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: সামাজিক যোগাযোগমাধ্যমে পুঁজিবাজার নিয়ে ছড়ানো গুজব ও বিভ্রান্তিকর তথ্যের বিষয়ে বিএসইসির সতর্কবার্তা।

সামাজিক যোগাযোগমাধ্যমের বিভিন্ন প্ল্যাটফর্মে দেশের পুঁজিবাজারে বড় ধরনের দরপতন ঘটবে বা ঘটানো হবে মর্মে ঘোষণা দিয়ে বিভিন্ন অসত্য, ভিত্তিহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রচার ও শেয়ার করার বিষয়টি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) দৃষ্টিগোচর হয়েছে।

এ ধরনের প্রচারিত তথ্যের কোনো সত্যতা নেই। এসব তথ্য সম্পূর্ণ ভিত্তিহীন ও গুজবনির্ভর। বিনিয়োগকারীদের মাঝে আতঙ্ক ও বিভ্রান্তি সৃষ্টি করতে পারে এমন তথ্য প্রচার ও শেয়ার করা থেকে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকার জন্য বিএসইসি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছে। একই সঙ্গে, এ ধরনের তথ্য প্রচারের সঙ্গে জড়িতদের বিষয়ে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি কমিশনের বিবেচনায় রয়েছে।

বিএসইসি দেশের পুঁজিবাজারের স্বাভাবিক পরিবেশ বজায় রাখা এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে সংশ্লিষ্ট সকলের দায়িত্বশীল ও সচেতন ভূমিকা প্রত্যাশা করছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২১/১১/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র